**L.V. বনাম NYC শিক্ষা বিভাগ, 03 Civ. 9917 (SDNY)**

ব্যক্তিগতকৃত শিক্ষা প্রোগ্রাম সহ শিশুদের অভিভাবক যারা নিরপেক্ষ শুনানীর শেষে একটি আদেশ পেয়েছেন বা পেতে পারেন তাদের ফেডারেল আদালতের মামলার অংশ হিসাবে তাদের সন্তানদের সম্পর্কে তথ্য এবং নথিপত্রের সম্ভাব্য প্রকাশ সম্পর্কে সংযুক্ত বিজ্ঞপ্তিটি পড়া উচিত।

স্প্যানিশ, আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, রাশিয়ান এবং উর্দুতে অনুবাদ DOE ওয়েবপেজে (এ পাওয়া যাচ্ছে) Due Process: নিরপেক্ষ শুনানি এবং মধ্যস্থতা

## শিক্ষার্থীর শিক্ষার রেকর্ডের সম্ভাব্য প্রকাশনার বিজ্ঞপ্তি

**অনুগ্রহ করে মনোযোগ সহকারে পড়ুন।** যদি আপনার সন্তানকে একজন প্রতিবন্ধী শিক্ষার্থী হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় এবং চূড়ান্ত নিরপেক্ষ শুনানির আদেশের বিষয় হয়ে থাকে বা হতে পারে, সেক্ষেত্রে এটি আপনার সন্তানের সম্পর্কে তথ্য সম্বলিত নথিপত্র বা তথ্যের সম্ভাব্য প্রকাশ সম্পর্কিত একটি বার্তা।

## I. এই মামলার প্রকৃতি

এই মামলাটি প্রতিবন্ধী শিক্ষা আইন (“IDEA”), 20 U.S.C. § 1400, *et seq*. এবং N.Y অনুযায়ী অনুষ্ঠিত নিরপেক্ষ শুনানির ক্ষেত্রে নিরপেক্ষ শুনানির কর্মকর্তাদের দ্বারা জারি করা আদেশগুলি সময়মত বাস্তবায়ন করতে নিউ ইয়র্ক সিটির শিক্ষা দপ্তর ("DOE") ( শিক্ষা বিভাগ)-এর ব্যর্থ তাকে চ্যালেঞ্জ করেছে। শিক্ষা আইন § 4401, *et seq.* অনুযায়ী। 2007 সালে, সংশ্লিষ্ট পক্ষগুলি নিষ্পত্তির একটি শর্তে প্রবেশ করেছিল ("শর্তাবলী") যেখানে DOE এই আদেশগুলি সময়মত বাস্তবায়ন করতে সম্মত হয়েছিল।

2021 সালের জানুয়ারিতে, আদালত একটি বিশেষ মাস্টার নিয়োগের জন্য বাদীদের প্রস্তাব মঞ্জুর করেছে। 14 এপ্রিল, 2021-এ, আদালত থ্রু-এড (Thru-Ed)-এর David Irwin (ডেভিড আরউইন)-কে বিশেষ মাস্টার হিসেবে নিয়োগের আদেশ দেয়। 14 মে, 2021 তারিখে, আদালত স্পেশাল মাস্টারের কর্তব্য এবং কর্তৃত্ব সম্পর্কে বিস্তারিত একটি আদেশ জারি করে, যার মধ্যে রয়েছে, অন্যান্য বিষয়ের মধ্যে, নিরপেক্ষ শুনানির আদেশ বাস্তবায়নের জন্য DOE-এর প্রক্রিয়া পর্যালোচনা করার এবং DOE-কে সময়মত আদেশ বাস্তবায়ন করতে সক্ষম করার জন্য আদালতের উন্নতির সুপারিশ করার কর্তৃপক্ষ। এই আেদশ অনুসারে, DOE পারিবারিক শিক্ষা অিধকার এবং গোপনীয়তা আইন (20 U.S.C. § 1232g; 34 C.F.R. পার্ট 99) ("FERPA") েমেন চলেল, স্পেশাল মাস্টার শিক্ষার্থীদের্র িশক্ষা েরেকড অয্াক্সেস েপেত পােরন।

## II. যে তথ্য প্রকাশ করতে আদেশ করা হয়েছে

বিশেষ মাস্টারকে তার দায়িত্ব পালনের জন্য, আদালত বিশেষ মাস্টারকে (এবং থ্রু-এড (Thru-Ed)-এর কর্মচারী এবং পরামর্শদাতাদের) নিরপেক্ষ শুনানির প্রক্রিয়া, নিরপেক্ষ শুনানির আদেশ, সম্মতি সম্পর্কিত ডেটা এবং শিক্ষার্থীদের বিশেষ শিক্ষার নথি, যেমন ব্যক্তিগতকৃত শিক্ষা প্রোগ্রাম, মূল্যায়ন, অনুমোদন, চালান ইত্যাদিতে জমা দেওয়া নথিপত্র সহ কিন্তু এতেই সীমাবদ্ধ নয় এমন গোপনীয় শিক্ষার্থীর রেকর্ড তথ্য ধারণকারী রেকর্ডগুলিতে অ্যাক্সেস দেওয়ার জন্য DOE-কে নির্দেশ দিয়েছে। বিশেষ মাস্টারকে কোনো শিক্ষার্থীর নথি এবং সেই সংক্রান্ত তথ্য গোপন রাখতে হবে। শিক্ষার্থীর অভিভাবক বিশেষভাবে সম্মতি না দিলে কোনো শিক্ষার্থী-নির্দিষ্ট তথ্য বাদীর কাউন্সেলের সাথে শেয়ার করা হবে না। আদালতে বিশেষ মাস্টারের প্রতিবেদনে শিক্ষার্থী-নির্দিষ্ট কোনো তথ্য থাকলে, সেই তথ্য প্রকাশ করা হবে না।

বিশেষ মাস্টার নিরপেক্ষ শুনানির আদেশ বাস্তবায়নের জন্য DOE-এর প্রক্রিয়া পর্যালোচনা করতে এবং DOE-কে সময়মত আদেশ বাস্তবায়ন করতে সক্ষম করার জন্য আদালতের উন্নতির সুপারিশ করার জন্য শুধুমাত্র তার কাজের জন্য এই তথ্য ব্যবহার করবেন। এই তথ্যের প্রকাশ আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা চাওয়ার জন্য অভিভাবক হিসাবে আপনার কোনো অধিকারকে প্রভাবিত করে না।

## III. প্রকাশের ক্ষেত্রে আপত্তি

আপনি যদি বিশেষ মাস্টারের কাছে এই তথ্য প্রকাশ করতে সম্মত হন তবে আপনাকে আর কিছু করার দরকার নেই।

আপনি যদি আপনার সন্তানের তথ্য বিশেষ মাস্টারের সাথে শেয়ার করতে না চান, তাহলে আপনাকে অবশ্যই DOE-এর অ্যাটর্নির কাছে একটি আপত্তি জমা দিয়ে এই প্রকাশে আপত্তি জানাতে হবে, যার ঠিকানা হল:

জেফ্রি এস. দান্তোউইটজ (Jeffrey S. Dantowitz)
NYC আইন বিভাগ (NYC Law Department)
100 Church Street, Room 2-121
New York, NY, 10007

বা LVObjection@law.nyc.gov.-এ ইমেলের মাধ্যমে অনুগ্রহ করে লেখার সময় *LV v. DOE* মামলা (কেস নং. 03-9917) দেখুন। একটি আপত্তি ফর্ম এই বিজ্ঞপ্তির সাথে আছে, যদিও এই ফর্মে জমা না দিলেও কোনও লিখিত আপত্তি প্রত্যাখ্যান করা হবে না। আপনি যদি আপত্তি করেন, আপনার এবং আপনার সন্তানের ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য বা অন্যান্য FERPA-সুরক্ষিত তথ্য সম্বলিত কোনো রেকর্ড বিশেষ মাস্টারকে প্রদান করা হবে না, যদিও আপনার সন্তানের নামের নামমাত্র এবং ঘটনাক্রমের প্রকাশ ঘটতে পারে। **যে কোনো আপত্তি অবশ্যই 3 ডিসেম্বর, 2021 এর মধ্যে বা নিরপেক্ষ শুনানির আদেশের জন্য 12 নভেম্বর, 2021 এর পরে নিরপেক্ষ শুনানির আদেশ জারির 3 সপ্তাহের মধ্যে প্রাপ্ত হতে হবে।**

**আপনি যদি এই বিজ্ঞপ্তি সম্পর্কে আরও তথ্য চান, অনুগ্রহ করে বাদীদের জন্য অ্যাটর্নির সাথে যোগাযোগ করুন, রেবেকা শোর (Rebecca Shore), এডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইন্‌ক্ (Advocates for Children of New York, Inc.)-এর সাথে 646532-6078 নম্বরে যোগাযোগ করুন।**